

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০১৯১

তারিখ : ০৯-১০-২০২৩ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদযাপন

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) উদযাপন উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক তিনদিন ব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অংশগ্রহণে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও হামদে এলাহি প্রতিযোগিতা ০৪ অক্টোবর ২০২৩ বিশ্ববিদ্যালয় সভাকক্ষে দুপুর ২.৩০ মিনিটে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

আজ দুপুর ৩.০০ ঘটিকায় পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নাতে রাসূল (সা.), পুরস্কার বিতরণ, আলোচনা সভা, মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

সভাপতির বক্তব্যে মাননীয় ভাইস-চ্যান্সেলর বলেন, সর্বশ্রেষ্ঠ নবী ও রাসূল হযরত মুহাম্মদ (সা.)। হযরত আদম (আ:) থেকে শুরু করে সকল নবী রাসূলগণের যুগে নবী মুহাম্মদ (সা.) কে স্মরণ করেছে। পবিত্র কুরআনে আল্লাহ রাব্বুল আলামিন নবী মুহাম্মদ (সা.) এর স্মরণকে সম্মুখত রাখার দায়িত্ব নিয়েছেন। তাই প্রত্যেক মুমিন মুসলমানের কর্তব্য হচ্ছে প্রতিটি কাজকর্মে রাসূল (সা.) কে স্মরণের মাধ্যমে আল্লাহ কে খুশি করা। হযরত মুহাম্মদ (সা.) কে সৃষ্টি না করলে মহান আল্লাহ রাব্বুল আলামিন পৃথিবীতে এভাবে সাজাতেন না, পবিত্র কুরআনে আল্লাহ পাক এরশাদ করেছেন যে আমি জগত বাসীর জন্য এক বড় নেয়ামত দান করেছি আর যে নেয়ামত হচ্ছে হযরত মুহাম্মদ (সা.) এর পৃথিবীতে আগমন।

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আলোচনা সভা আরো বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর ও সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ। আলোচনা সভায় উপস্থিত ছিলেন রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম, পরীক্ষা নিয়ন্ত্রক এ. কে. এম. আক্তারুজ্জামান, পরিচালক অর্থ ও হিসাব মোছাব্বির মোহাম্মদ মুছা, প্রকল্প পরিচালক ও যুগ্মসচিব জনাব ফররুখ আহমদ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ড. মোঃ রফিক আল মামুন, উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান'সহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠান শেষে দেশ ও জাতির কল্যাণে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে দোয়া ও মোনাজাত করা হয়।

এর আগে দুপুর ১.১৫ মিনিটে বঙ্গবন্ধু পরিষদ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় শাখার আয়োজনে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা'র ৭৭তম জন্মদিন উপলক্ষে আলোচনা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু পরিষদ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি জনাব মোঃ শামীম হোসেন খান। সঞ্চালনা করেন বঙ্গবন্ধু পরিষদ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক জনাব মোঃ জহিরুল ইসলাম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

০৯.১০.২০২৩
(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়